

ক্ষত

এই ক্ষত আর কতটুকু দিতে পারে!
 বসে আছি কোন আদি থেকে এই অন্ধের ধারে
 মশানপ্রহরী অন্ধের ধারে
 মুছে আছে মুখ ঘুমপৃথিবীরবাসের অন্ধকারে
 তারও চেয়ে বেশি এই ক্ষত আর কতটুকু দিতে পারে!

ভুল যদি বলো---সত্যি তো তা-ই ---প্রতিমুহূর্ত ভুল
 স্থির বিন্দুতে রাখিনি কখনও মূল।
 নিছক অন্ধভাবে
 বহুদূর থেকে কিছু শববাহী হয়তো এ-পথে যাবে
 ব্যর্থতাগুলি পথের দু-ধারে ঝরে যাবে নিঃসাড়ে---

তারও চেয়ে বেশি এই ক্ষত আর কতই -বা দিতে পারে!

শঙ্খ ঘোষ

